

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinaipur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.২৭৬০.০০০.০৪০১৭.২৪.৫৪

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঃ
১১ জানুয়ারী ২০২৪ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয় অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় স্থাপিত ক্লাব সমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য শূন্য পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
১	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০১(এক) জন	এসএসসি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী :

- ১। প্রার্থীকে আগামী ২১/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, খানসামা উপজেলা বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে খানসামা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ডিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ৪। আগামী ২১/০১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়স সীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ৫। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রশ্মিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- ৭। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৮। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে।
- ৯। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি/ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।



(মোঃ তাজ উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

☎: ০৫৩৩২-৫৬০০১ (অফিস)

মেইল : unokhansama@mopa.gov.bd